গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
www.debendracollege.gov.bd

নং-সদেক/২০২৬/প্রশাঃ/এন-২/ ৬৮৩

তারিখ: ২৬-১১-২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

মানিকগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০২৬-২০২৭ অর্থ বছরে বাজেট বরাদ্দের আওতায় মানিকগঞ্জ জেলার গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী যারা ২০২৬ সালে এস.এস.সি ও এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন তাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন ছাত্র বৃত্তি প্রদানের জন্য জেলা পরিষদের নির্ধারিত ফরম স্বহস্তে পূরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

০১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদেরকে অবশ্যই মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;

০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মানিকগঞ্জ বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে;

০৩। আবেদনকারীকে এস.এস.সি ও এইচ.এস. সি অথবা সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৪.৫০, বাণিজ্য বিভাগে ৪.৫০ এবং মানবিক বিভাগে ৪.৫০ অর্জন করতে হবে;

০৪। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জিপিএ ২.৫০ (যে কোন বিভাগে) থাকতে হবে। প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

০৫। আবেদনপত্রের সাথে অবশ্যই নিম্নবর্ণিত কাগজ পত্রাদি দাখিল করতে হবে;

ক) এস.এস.সি ও এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষার নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি, সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ১ কপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);

খ) মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

০৬। আবেদনকারীর স্বহস্তে লিখিত নির্ধারিত আবেদন ফরম, আগামী ১৫/১২/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে মানিকগঞ্জ জেলা পরিষদ কার্যালয়ে সরাসরি/ডাকযোগে জমা দিতে হবে;

০৭। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদানের বিষয়ে অত্র পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

০৮। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে শিক্ষাবৃত্তি বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে:

০৯। **আবেদন ফরম:** কলেজ ওয়েবসাইট www.debendracollege.gov.bd ও জেলা পরিষদের ওয়েবসাইট zp.manikganj.gov.bd এবং জেলা পরিষদ কার্যালয়ে পাওয়া যাবে;

১০। কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ

অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।
২৬.১১.২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

০১। উপাধ্যক্ষ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
০২। বিভাগীয় প্রধান (সকল), সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
০৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
০৪। সংরক্ষণ নথি।

জেলা পরিষদ
মানিকগঞ্জ
zp.manikganj.gov.bd



বরাবর
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মানিকগঞ্জ

বিষয় : **২০২৬-২৭ অর্থ বছরে এককালীন শিক্ষা বৃত্তি পাওয়ার আবেদন**

০১. আবেদনকারীর নাম : ----------

০২. পিতার নাম : ----------

০৩. মাতার নাম : ----------

০৪. স্থায়ী ঠিকানা : গ্রাম/এলাকা/রোড ---------- ডাকঘর : ----------
উপজেলা : ---------- জেলা : ----------
মোবাইল নম্বর :----------

০৫. বর্তমান ঠিকানা : গ্রাম/এলাকা/রোড ---------- ডাকঘর : ----------
উপজেলা : ---------- জেলা : ----------
মোবাইল নম্বর : ----------

০৬. অধ্যয়নকৃত শিক্ষা প্রতিষ্ঠানের বিবরণ : শিক্ষা প্রতিষ্ঠানের নাম : ----------
ঠিকানা : ---------- শ্রেণী :----------
বিভাগ : ----------রোল নং : ----------

০৭. পরীক্ষার ফলাফল :

এস এস সি/ সমমান এইচ এস সি / সমমান	পরীক্ষায় উত্তীর্ণের বছর	প্রাপ্ত জিপিএ নম্বর

০৮. অভিভাবকের বাৎসরিক আয়ের পরিমান : অংকে : ---------- কথায় : ----------

০৯. সংযুক্ত কাগজপত্রের বিবরণ:

ক্রমিন নং	কাগজপত্রের বিবরণ	সংযুক্ত করার তথ্য
১	০১ (এক) কপি ছবি (সত্যায়িত)	
২	ইউনিয়ন পরিষদ/পৌরসভার কর্তৃক নাগরিক সনদ (সত্যায়িত)	
৩	পরীক্ষার নম্বরপত্র	
৪	জন্ম নিবন্ধন সনদ	
৫	বাৎসরিক আয় সংক্রান্ত সনদ	
৬	প্রতিবন্ধী সংক্রান্ত প্রত্যয়ন পত্রের ফটোকপি সত্যায়িত	
৭	ব্যাংক হিসাবের তথ্য	

১০. ঘোষণা ও আবেদন : উল্লিখিত তথ্যাদি সঠিক ঘোষণা করে শিক্ষা বৃত্তি পাওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ